

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৬১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮. প্রথম অনুচ্ছেদ - সালাতের পর যিকর-আযকার

بَابُ الذِّكْرِ بَعْدَ الصَّلَاةِ

আরবী

وَعَنْ ثَوْيَانَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا انْصَرَفَ مِنْ صَلَاتِهِ اسْتَغْفَرَ ثَلَاثًا وَقَالَ: «اللَّهُمَّ أَنْتَ السَّلَامُ وَمِنْكَ السَّلَامُ تَبَارَكْتَ يَا ذَا الْجلال وَالْإِكْرَام» . رَوَاهُ مُسلم

বাংলা

৯৬১-[৩] সাওবান (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সালাতের সালাম ফিরানোর পর তিনবার ''আস্তাগফিরুল্ল-হ'' বলতেন, তারপর এ দু'আ পড়তেনঃ ''আল্ল-হুম্মা আন্তাস সালা-ম, ওয়া মিনকাস্ সালা-ম, তাবা-রকতা ইয়া- যালজালা-লি ওয়াল ইকর-ম'' (অর্থাৎ হে আল্লাহ! তুমিই শান্তির আঁধার। তোমার পক্ষ থেকেই শান্তি। তুমি বারাকাতময় হে মহামহিম ও মহা সম্মানিত)। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৫৯১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (اِذَا انْصَرَفَ) উক্ত الْسَتَغْفَرَ দারা উদ্দেশ্য সালাম ফিরানো। অর্থাৎ সালাম ফিরানোর পর السُتَغْفَر পাঠ করবে। ওয়ালীদ (রহঃ) বলেন, আমি ইমাম আওযা'ঈ (রহঃ)-কে জিজ্ঞেস করলাম কিভাবে ইস্তিগ্ফার পাঠ করবে? তিনি বললেনঃ ''আস্তাগফিরুল্ল-হ'' বলবে। সালাতের পর ইস্তিগফার পাঠ করা এ কথার ইঙ্গিত বহন করে যে, বান্দা তার প্রভুর 'ইবাদাতরত অবস্থায় তার মনে যে ওয়াস্ওয়াসার সৃষ্টি হয় এতে সে তার প্রভুর পূর্ণ হক আদায় করতে সমর্থ হয় না, তাই তার জন্য ইস্তিগফারের বিধান রয়েছে যাতে এর দ্বারা সে তার প্রভুর 'ইবাদাতের ক্রটি হতে মুক্তি পেতে পারে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন